Department of Education
Chancellor Richard A. Carranza

21 অক্টোবর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি আপনার পরিবার নিরাপদ ও সুস্থ আছেন। আপনার স্কুল বিল্ডিং দুই সপ্তাহ আগে বন্ধ হয়ে যাওয়া সম্পর্কে কিছু হালনাগাদ তথ্য জানাতে আমি আজ লিখছি।

আপনি জানেন যে, আপনার স্কুল স্টেট দ্বারা পূর্বে একটি "লাল বা রেড জোন" অথবা "কমলা বা অরেঞ্জ জোন" হিসেবে নির্ধারিত হয়েছিল, যার ফলে আপনার স্কুলের বিল্ডিং প্রাথমিকভাবে দুই সপ্তাহের জন্য বন্ধ করা হয়েছিল। বুধবার, 21 অক্টোবর, এই ভৌগোলিক জোনগুলো সম্পর্কে স্টেট অভ নিউ ইয়র্ক কিছু গুরুত্বপূর্ণ তথ্য ঘোষণা দিয়েছে।

এটা আপনার স্কুলকে উল্লিখিতভাবে প্রভাবিত করবে, এবং পরবর্তী ধাপসমূহ হচ্ছে:

- **স্টেট বর্তমানে আপনার স্কুলটিকে "হলুদ বা ইয়েলো" জোনে স্থানান্তরিত করেছে।**
- স্টেটের নির্দেশনা অনুযায়ী, এর অর্থ হচ্ছে আপনার স্কুল কমিউনিটির নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিত করতে বাড়তি সতর্কতার সাথে আপনার বিল্ডিং পুনরায় খুলতে পারে।
- **সশরীরে শিক্ষকতা এবং শিক্ষা গ্রহণের জন্য আপনার স্কুল ভবন পুনরায় খুলবে সোমবার, 26 অক্টোবর।**
- সাবধানতার একটি গুরুত্বপূর্ণ ধাপ হচ্ছে, হলুদ বা ইয়েলো জোনের স্কুলগুলো স্টাফ ও শিক্ষার্থীদের নির্বিচারে বাছাই করে প্রতি সপ্তাহে স্কুল বিল্ডিংয়ের অভ্যন্তরে বাধ্যতামূলকভাবে পরীক্ষা করবে।
- **হলুদ বা ইয়েলো জোনের স্কুলগুলোর শিক্ষার্থী ও স্টাফদের প্রতি সপ্তাহে পরীক্ষা করা বাধ্যতামূলক,** এবং এটি অব্যাহত থাকবে স্টেট যতদিন পর্যন্ত জোনের শর্তাবলী পরিবর্তন না করে, অথবা আপনার স্কুল আর হলুদ বা ইয়েলো জোনে অন্তর্ভুক্ত নেই।
- **আপনার সন্তানকে আমাদের COVID-19 পরীক্ষার করার জন্য, আমাদের আপনার সম্মতি প্রয়োজন।** এটা কীভাবে দিতে হবে তা নিচে দেখুন।

আপনার সন্তানের প্রিন্সিপ্যাল পুনরায় খোলা এবং শিক্ষার্থীর সময়সূচি সংক্রান্ত বিস্তারিত অবহিত করতে শীঘ্রই আপনার সাথে যোগাযোগ করবেন। অনুগ্রহ করে লক্ষ্য করুন, আপনি সিটির জোনগুলোর একটি মানচিত্র পাবেন nyc.gov/covidzone -সাইটে।

## COVID-19 -এর জন্য বাধ্যতামূলক সাপ্তাহিক পরীক্ষা সংক্রান্ত তথ্য ও সম্মতি

হলুদ বা ইয়েলো জোনের স্কুলগুলোর স্কুল স্টাফ এবং 1-12 গ্রেডের শিক্ষার্থীদের প্রতি সপ্তাহে স্কুলের অভ্যন্তরে বাধ্যতামূলকভাবে পরীক্ষা পরিচালনা করা হবে। পরীক্ষা বা টেস্টটি সহজ, দ্রুত, এবং নিরাপদ। সিটিজুড়ে হাজার হাজার শিক্ষার্থীকে ইতোমধ্যেই পরীক্ষা করা হয়েছে। একটি "ছোট সোয়াব" (কিউ-টিপ/Q-tip -এর মত দেখতে) ব্যবহার করা হবে, যা নাকের সম্মুখ অংশে পাঁচ থেকে দশ সেকেন্ডের জন্য প্রবেশ করানো হবে। এই স্কুল বছরের পরবর্তী এক সময়, অল্প পরিমাণ মুখের লালা সংগ্রহ করে পরীক্ষা করা সম্ভব হতে পারে।

আপনার সন্তানকে পরীক্ষার করার জন্য, আমাদের আপনার সম্মতি প্রয়োজন। সম্মতি দুইটি সহজ উপায়ে প্রদান করা যেতে পারে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে আপনি পূর্বে সম্মতি প্রদান করে থাকলেও, ***স্টেট নির্ধারিত হলুদ জোনের স্কুলের পিতামাতা হিসেবে আমরা আপনাকে আপনার সন্তানের সম্মতি পুনরায় জমা দিতে অনুরোধ করছি,*** কারণ সম্মতি ফর্মটি আপনার স্কুলে সাপ্তাহিক পরীক্ষা করার স্টেট দ্বারা নতুন শর্ত পূরণের জন্য গৃহীত হবে। যদি আপনি পূর্বে একটি ফর্ম পূরণ করে থাকেন, কিংবা যদি আপনি এখন পর্যন্ত একটি ফর্ম পূরণ না করে থাকেন, তবে অনুগ্রহ করে এই সহজ পদ্ধতিগুলো অতিসত্ত্বর দেখে নিন:

1. **অনলাইন: অনলাইনে ফর্মটি একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) ব্যবহার করে পূরণ করুন।** mystudent.nyc দেখুন।
   - ***যদি আপনার শিক্ষার্থীর(দের) সাথে সংযুক্ত একটি NYCSA অ্যাকাউন্ট ইতোমধ্যে থেকে থাকে:*** লগ ইন করুন, আপনার শিক্ষার্থীর নামে ক্লিক করুন, “অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ (Manage Account)"-এ ক্লিক করুন, এবং এরপর যখন একটি ড্রপডাউন মেন্যু আবির্ভূত হয়,

Department of Education
Chancellor Richard A. Carranza

“সম্মতি ফর্মসমূহ (Consent Forms)”-এ ক্লিক করুন। পৃষ্ঠাটি পড়ুন, এবং এরপর একেবারে শেষে আপনার সন্তানের জন্য সম্মতি অপশনটি বেছে নিন।

- ***যদি আপনার ইতোমধ্যেই একটি NYCSA অ্যাকাউন্ট না থেকে থাকে:*** আপনি এখনই একটি তৈরি করতে পারেন! যদি আপনার স্কুলে থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে থাকে, আপনি আনুমানিক পাঁচ মিনিটে একটি পূর্ণ অ্যাকাউন্ট তৈরি করতে পারবেন, এবং এরপর উপরিল্লিখিত সম্মতি প্রদান করতে পারবেন। যদি আপনার স্কুল থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে না থাকে, আপনি তারপরও সম্মতি প্রদান করতে পারেন "COVID-19 Testing (পরীক্ষণ)" -এর অধীনে “সম্মতি নিয়ন্ত্রণ (Manage Consent)”-এ ক্লিক করে এবং আপনি ও আপনার সন্তানের তথ্য প্রদান করে।

2. **কাগজের ফর্ম: কাগজের ফর্মটি পূরণ করুন এবং স্কুলে ফেরত দিন।** এই চিঠির সাথে আমরা হালনাগাদকৃত সম্মতি ফর্মটি অন্তর্ভুক্ত করেছি। আপনার স্কুল ফর্মটি প্রিন্ট করে আপনাকে প্রদান করতে পারে, অথবা আপনি বাড়িতে প্রিন্ট করতে পারেন এবং আপনার সন্তানের পরবর্তী মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং দিবসে তার সাথে পাঠিয়ে দিতে পারেন। একটি মুদ্রণযোগ্য PDF ফাইল দশটি ভাষায় পাওয়া যাবে schools.nyc.gov/covidtesting -সাইটে।

আপনার অবগতির জন্য এখানে কিছু গুরুত্বপূর্ণ তথ্য দেয়া হলো। আপনি কিছু বাড়তি তথ্য খুঁজে পাবেন schools.nyc.gov/covidtesting সাইটে দেয়া বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীতে।

- প্রতি সপ্তাহে শিক্ষার্থী ও স্টাফদের মাঝ থেকে নির্বিচারে বাছাই করে পরীক্ষা করা হবে, অতএব যদি আপনার সন্তানকে এক সপ্তাহে বেছে নেয়া হয়, তাকে পরবর্তী সপ্তাহে বেছে নেয়া হতেও পারে আবার নাও হতে পারে।

- যদি আপনার সন্তানকে স্কুলে পরীক্ষা বা টেস্ট করা হয়ে থাকে, কখন ও কীভাবে আপনি ফলাফল পাবেন, এবং পরীক্ষণ বা টেস্টিং প্রক্রিয়া সম্পর্কিত তথ্য আপনার সন্তানের সাথে বাড়িতে পাঠানো হবে। বেশীরভাগ পরীক্ষার ফলাফলসমূহ 48 ঘন্টার মধ্যে পাওয়া যাবে।

- অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে, আমরা আপনার সম্মতি পাবার পরও, প্রক্রিয়াটি চলাকালে যেকোনো মুহূর্তে আপনার সন্তান যদি অস্বস্তি অথবা উদ্বিগ্ন বোধ করে তাহলে তাকে পরীক্ষা করা হবে না। যদি তা ঘটে, তাহলে ভবিষ্যৎ পরীক্ষণ বা টেস্টিংয়ে অংশগ্রহণ করতে আপনার সন্তানের অংশগ্রহণে অস্বস্তি দূর করতে যেকোনো সম্ভাব্য উদ্বেগ নিরসনে আমরা আপনার সাথে কাজ করবো।

- যদি আপনার সন্তানের COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ এসে থাকে, তবে আপনি দুইটি ফোন কল পাবেন। পরীক্ষা প্রদানকারী আপনাকে ফোন কলের মাধ্যমে অবহিত করবেন, এবং NYC টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্ আপনার পরিবারকে সংস্থান বা রিসোর্স ও সহায়তা প্রদানের জন্য ফোন করবে।

যদি স্কুল কমিউনিটির কোনো সদস্যের পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে আমাদের স্কুল কমিউনিটি DOE-এর ওয়েবসাইটের (schools.nyc.gov/RTShealthsafety) হেলথ্ অ্যান্ড সেফটি (স্বাস্থ্য এবং সুরক্ষা) সেকশনে দেয়া পথনির্দেশনা অব্যাহতভাবে অনুসরণ করবে।

আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখতে আপনার অংশীদারিত্ব ও অঙ্গীকারের প্রতি আমরা গভীরভাবে কৃতজ্ঞ।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন